



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বিভাগীয় সরকারি গণপ্রচাণাগার, খুলনা  
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালকের দপ্তর  
[www.publiclibrary.khulna.gov.bd](http://www.publiclibrary.khulna.gov.bd)



স্মারক নম্বর: ৪৩.২৬.৪৭০০.০০৯.২৩.০২৩.১৭.৩৩০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮

২৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান এর প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২৮.০৯.২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩ টা ৩০ মিনিটে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে খুলনা বিভাগীয় সরকারি গণপ্রচাণাগার কর্তৃক আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার ও সনদ বিতরণ অনুষ্ঠান প্রচাণাগারের সেমিনাররুমে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ খুলনা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর টিএম জাকির হোসেন। বিশেষ অতিথি ছিলেন খুলনা সরকারি মহিলা কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক খান আহমেদুল কবীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা বিভাগীয় সরকারি গণপ্রচাণাগারের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক ড. মোঃ আহছান উল্লাহ। আলোচনা পর্বে অতিথিবৃন্দ প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি জ্ঞানের পরিধি বিকাশের স্বার্থে এজাতীয় রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় ছাত্রছাত্রীদের ব্যাপক অংশগ্রহণের আহ্বান জানান। প্রকৃত শিক্ষায় শিকিত হয়ে ওঠার জন্য সকলকে প্রচাণাগারমুখী হওয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোকপাত করেন। এছাড়াও তরুণ প্রজন্মকে জাতির জনক বঙ্গবন্ধুর সঠিক ইতিহাস জানার ক্ষেত্রে প্রচাণাগার ব্যবহারের ভূমিকা উল্লেখ করেন। আলোচনা অনুষ্ঠান শেষে বিভিন্ন গ্রুপে বিজয়ী ১৫ জন প্রতিযোগীকে পুরস্কার ও সনদ বিতরণ করা হয়। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন অবিল কুমার দেবনাথ।

সংযুক্তি: অনুষ্ঠানের ছবি- ০৪টি।

২৯-৯-২০২১

ড. মোঃ আহছান উল্লাহ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক

ফোন: ০১৮১৭৬০৫৭৮৬

ফ্যাক্স: ০৪১-৭৬২৪৫৪

ইমেইল:

[publiclibrarykhulna@gmail.com](mailto:publiclibrarykhulna@gmail.com)

মহাপরিচালক

গণপ্রচাণাগার অধিদপ্তর



প্রধান অতিথির জনাব টিএম জাকির হোসেন, অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, খুলনা এর বক্তব্য।



বিজয়ীদের পুরস্কার প্রদান



বিজয়ীদের পুরস্কার প্রদান



বিজয়ীদের পুরস্কার প্রদান